

## স্কুল/মা/বাবা/শিক্ষার্থী সমন্বয়

হ্যামট্রামিক পাবলিক স্কুলস (HPS) এবং টাইটেল।, প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষা আইনের (ESEA) (যোগ্য শিশুদের) পার্ট A কর্তৃক অর্থায়িত কার্যক্রম, সেবা ও কর্মসূচিতে অংশগ্রহণকারী শিক্ষার্থীদের বাবা-মা/অভিভাবক, সম্মত আছেন এই কম্প্যাক্ট সংজ্ঞায়িত করে যে কিভাবে বাবা-মা/অভিভাবক, সম্পূর্ণ স্কুল কর্মী ও শিক্ষার্থীরা শিক্ষার্থীর উন্নত একাডেমিক অর্জনের জন্য দায়িত্ব শেয়ার করে নেবে এবং কোন প্রক্রিয়ার মাধ্যমে স্কুল এবং বাবা-মা/অভিভাবকরা এমন অংশীদারিত্ব তৈরি ও সহায়তা করবেন যা শিশুদের মিশিগানের উচ্চ মানদণ্ড অর্জনে সাহায্য করবে।

## স্কুলের দায়িত্ব:

শিক্ষাদানকারী হিসেবে, আমরা নিম্নলিখিত উপায়ে শিক্ষার্থী ও পরিবারকে সহায়তা করব:

- একটি সহায়ক ও কার্যকর শেখার পরিবেশে উচ্চ মানের পাঠ্যক্রম ও নির্দেশনা প্রদান যা অংশগ্রহণকারী শিশুদের মিশিগানের শিক্ষার্থীর একাডেমিক অর্জনের মানদণ্ড পুরণ করতে সক্ষম করে।
- মা/বাবা-শিক্ষক সম্মেলন (কমপক্ষে বার্ষিক) অনুষ্ঠান যার মাধ্যমে এই সমন্বয় প্রত্যেক শিশুর অর্জনের সাথে সম্পর্ক অনুয়ায়ী আলোচনা করা হবে।
- বাবা-মা/অভিভাবকদের তাদের সন্তানদের অগ্রগতি সম্পর্কে ঘন ঘন রিপোর্ট প্রদান।
- বাবা-মা/অভিভাবকদের কর্মীদের সাথে যুক্তিসঙ্গত যোগাযোগ প্রদান।
- বাবা-মা/অভিভাবকদের তাদের সন্তানের ক্লাসে স্বেচ্ছাসেবী ও অংশগ্রহণ এবং ক্লাসরুমের কার্যক্রম পর্যবেক্ষণ করার সুযোগ প্রদান।

শিক্ষকের স্বাক্ষর	অধ্যক্ষের স্বাক্ষর

## মা/বাবা/অভিভাবকের দায়িত্ব

একজন মা/বাবা/ অভিভাবক হিসেবে, আমি নিম্নলিখিত উপায়ে আমার সন্তানের শেখার ক্ষেত্রে সহায়তা করব:

- উপস্থিতি/বিলম্ব পর্যবেক্ষণ করা।
- বাড়ির কাজ সম্পন্ন হয়েছে তা নিশ্চিত করা।
- HPS শিক্ষার্থীর আচরণবিধি সমর্থন করা।
- 🔸 আমার সন্তানের স্ক্রিন টাইম পর্যবেক্ষণ করা, যার মধ্যে টেলিভিশন, ফোন, ভিডিও গেম অন্তর্ভুক্ত, তবে এগুলোর মধ্যেই সীমাবদ্ধ নয়।
- মা/বাবা-শিক্ষক সম্মেলন এবং অন্যান্য স্কুল আয়োজিত কার্যক্রমে অংশ নেওয়া।
- যতদর সম্ভব আমার সন্তানের ক্লাসরুমে স্বেচ্ছাসেবী হওয়া।
- আমার সন্তানের শিক্ষার সাথে সম্পর্কিত সিদ্ধান্তে উপযুক্ততা অনুযায়ী অংশগ্রহণ করা।
- আমার সন্তানের শিক্ষা সম্পর্কে অবগত থাকা এবং আমার সন্তানের স্কুল থেকে আমার সন্তানের বা চিঠির মাধ্যমে প্রাপ্ত সকল নোটিশ
  অবিলম্বে পড়া এবং প্রযোজ্য ক্ষেত্রে স্কুলের সাথে যোগাযোগ করা।
- যতটা সম্ভব, নীতিগত উপদেষ্টা গ্রুপে, যেমন স্কুলের মিশিগান ইন্টিগ্রেটেড ক্রমাগত উন্নতি প্রক্রিয়া (MICIP), টাইটেল। প্যারেন্ট অ্যাডভাইজরি কাউন্সিল, এবং/অথবা প্যারেন্ট ইনভলভেশন কমিটি (PIC) ইত্যাদিতে মা-বাবা / অভিভাবক প্রতিনিধি হিসেবে সেবা করা।

মা/বাবা/অভিভাবকের স্বাক্ষর	—————— তারিখ	

## শিক্ষার্থীর দায়িত্ব

একজন HPS শিক্ষার্থী হিসেবে, আমি আমার একাডেমিক অর্জনকে উন্নত করতে এবং মিশিগানের উচ্চ মান অর্জনের দায়িত্ব শেয়ার করব। বিশেষত আমি:

- HPS শিক্ষার্থীর আচরণবিধি সমর্থন করব।
- প্রতিদিন আমার হোমওয়ার্ক করব এবং যখন আমার প্রয়োজন হয় তখন সাহায়্য চাইব।
- স্কুল সময়ের বাইরে দৈনিক ন্যানতম ৩০ মিনিট পড়ব।
- আমার বাবা-মা/অভিভাবকদের প্রতিদিন আমার স্কুল থেকে প্রাপ্ত সকল নোটিশ ও তথ্য দেব।

শিক্ষার্থীর স্বাক্ষর				তারিখ	 		
	_	~	_			_	

আমরা স্কুল/মা/বাবা/শিক্ষার্থী সমন্বয় পড়েছি ও আলোচনা করেছি এবং আমরা আমাদের দায়িত্ব মেনে চলতে সম্মত আছি।